# ৪৬তম বিসিএস

# প্রিলি ফুল কোর্স

## বাংলা সাহিত্য

### লেকচার: ০২


**টপিক:** মঙ্গলকাব্য, জীবনী সাহিত্য, মর্সিয়া সাহিত্য, নাথ সাহিত্য, অনুবাদ সাহিত্য, মুসলিম সাহিত্য, রোমান্টিক প্রণয়োপাখ্যান ও আরাকান (রোসাঙ্গ) রাজসভায় বাংলা সাহিত্য।

**সাহিত্যিকঃ** শাহ মুহম্মদ সগীর, দৌলত উজির বাহরাম খান, মুকুন্দরাম চক্রবর্তী, চন্দ্রাবতী, ভারতচন্দ্র রায়গুণাকর, কোরেশী মাগন ঠাকুর, দৌলত কাজী, আলাওল, আব্দুল হাকিম।



# মঙ্গলকাব্য

- বাংলা সাহিত্যের মধ্যযুগে বিশেষ এক শ্রেণির ধর্মবিষয়ক আখ্যান কাব্যই হল মঙ্গলকাব্য।
- প্রকৃতপক্ষে মঙ্গলকাব্যকে দুটি শ্রেণিতে ভাগ করা হয়- পৌরাণিক ও লৌকিক।
- মঙ্গলকাব্যের মূল উপজীব্য – দেব-দেবীর গুণগান।
- মধ্যযুগের অন্যতম সাহিত্য – মঙ্গলকাব্য।
- একটি সম্পূর্ণ মঙ্গলকাব্যে সাধারণত ৫ টি অংশ থাকে। যথাঃ বন্দনা, আত্মপরিচয়, দেবখণ্ড, মর্ত্যখণ্ড ও শ্রুতিফল।
- আদি মঙ্গলকাব্য হিসেবে পরিচিত – মনসামঙ্গল কাব্য।
- মঙ্গলকাব্যের প্রধান ধারা – মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল ও অন্নদামঙ্গল।
- মঙ্গলকাব্যের অপ্রধান ধারা – ধর্মমঙ্গল, কালিকামঙ্গল, শীতলামঙ্গল, ষষ্ঠীমঙ্গল, সারদামঙ্গল, রায়মঙ্গল, গঙ্গামঙ্গল, দূর্গামঙ্গল ইত্যাদি।


40
চণ্ডীমঙ্গল
শিব
মর্ত্য → স্বর্গে
গুণ
Quality
গুজরাট

# মঙ্গলকাব্য

বারোমাস্যা – মধ্যযুগের নায়ক নায়িকাদের বাংলা সনের **বার** মাসের বিরহ-কাতর পরিস্থিতির বর্ণনাকে বারোমাস্যা বলে।

চৌতিশা – বাংলা ব্যঞ্জবর্ণের 'ক' থেকে 'হ' পর্যন্ত প্রতিটি বর্ণ পদের প্রথমে ব্যবহার করে বিপন্ন নায়ক নায়িকা যে দেব বন্দনামূলক স্তব করেন তাকে চৌতিশা বলে।

**মঙ্গলকাব্যকে শ্রেণিগত দিক থেকে ২ ভাগে ভাগ করা যায়-**

**পৌরাণিক শ্রেণি**

গৌরীমঙ্গল, ভবানীমঙ্গল, দূর্গামঙ্গল, অন্নদামঙ্গল, কমলামঙ্গল, গঙ্গামঙ্গল, চণ্ডীমণ্ডল প্রভৃতি

**লৌকিক শ্রেণি**

শিবায়ন বা শিবমঙ্গল, মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, শীতলামঙ্গল, রায়মঙ্গল, কালিকামঙ্গল (বা বিদ্যাসুন্দর), ষষ্ঠীমঙ্গল, সারদামঙ্গল, সূর্যমঙ্গল, শীতলামঙ্গল, রায়মঙ্গল প্রভৃতি।

# মঙ্গলকাব্য

## মনসামঙ্গলঃ

- মঙ্গলকাব্য ধারার প্রাচীন কাব্য এটি।
- মনসামঙ্গল কাব্য রচিত- মনসা দেবীর কাহিনি নিয়ে।
- এ কাব্যের অপর নাম – পদ্মাপুরাণ।
- সাপের দেবী মনসার অপর নাম – কেতকা ও পদ্মাবতী।
- প্রধান চরিত্র - চাঁদ সওদাগর, বেহুলা, লখিন্দর।

# মঙ্গলকাব্য

## মনসামঙ্গল কাব্যের প্রধান কবিগণ

| কবিদের নাম | আলোচ্য বিষয় |
|---|---|
| কানা হরিদত্ত | তিনি এ ধারার আদি কবি ও পূর্ববঙ্গের অধিবাসী ছিলেন। |
| বিজয় গুপ্ত | বিজয় গুপ্ত এ ধারার শ্রেষ্ঠ কবি। মনসামঙ্গল কাব্যের প্রথম রচয়িতা। তাঁর কাব্যের নাম: পদ্মাপুরাণ। |
| নারায়ণ দেব | সুকবি বল্লভ উপাধিধারী। জন্ম – কিশোরগঞ্জ। তাঁর কাব্যের নাম: পদ্মাপুরাণ। |
| বিপ্রদাস পিপিলাই | তাঁর রচিত কাব্যের নাম 'মনসা বিজয়'। |
| দ্বিজ বংশীদাস | কিশোরগঞ্জের পাতুয়ারীতে জন্ম নেওয়া দ্বিজ বংশীদাসের রচিত কাব্য 'পদ্মাপুরাণ'। তিনি প্রথম মহিলা কবি চন্দ্রাবতীর পিতা। |
| কেতকাদাস ক্ষেমানন্দ | তিনি পশ্চিমবঙ্গ থেকে মঙ্গলকাব্যের একমাত্র কবি। তাঁর রচিত কাব্য 'কেতকাপুরাণ'। এই কাব্যটি মঙ্গলকাব্যের প্রথম মুদ্রিত কাব্য। ক্ষেমানন্দ তাঁর নাম ও কেতকাদাস তাঁর উপাধি। |

# মঙ্গলকাব্য

## ধর্মমঙ্গলঃ

- ডোম সমাজে প্রচলিত পুরুষ দেবতা ধর্ম ঠাকুরের উপর রচিত মঙ্গলকাব্য হলো ধর্মমঙ্গল।
- ময়ূর ভট্ট – তিনি ধর্মমঙ্গল ধারার আদি/প্রথম কবি। তাঁর রচিত কাব্যের নাম 'হাকন্দপুরাণ'।
- এ কাব্যের দুজন প্রধান কবি – রূপরাম চক্রবর্তী ও ঘনারাম চক্রবর্তী
  - ✓ ঘনরাম চক্রবর্তী – তিনি ধর্মমঙ্গল ধারার শ্রেষ্ঠ কবি। তাঁর রচিত কাব্যের নাম 'শ্রীধর্মমঙ্গল'।
- এ কাব্য দুটি পালায় বিভক্ত – রাজা হরিশ্চন্দ্রের কাহিনী ও লাউসেনের কাহিনী।

# মঙ্গলকাব্য

## চণ্ডীমঙ্গলঃ

- দেবী চণ্ডীর (শিবের স্ত্রী) কাহিনী নিয়ে রচিত।
- চণ্ডীমঙ্গল কাব্যের কাহিনি – দুই খণ্ডে বিভক্ত: ১। আখেটিক খন্ড/ব্যাধ খন্ড। ২ বণিক খন্ড
- আখেটিক খণ্ডের প্রধান চরিত্রগুলো – কালকেতু, ফুল্লরা, ভাঁড়ুদত্ত, মুরারীশীল।
- বণিক খন্ডের প্রধান চরিত্র – ধনপতি সদাগর, লহনা খুল্লনা, খুল্লনার পুত্র-শ্রীমন্ত।
- বাংলা সাহিত্যের প্রথম ঠগ চরিত্র – ভাঁড়ুদত্ত।

# মঙ্গলকাব্য

## চণ্ডীমঙ্গল কাব্যের প্রধান কবিগণ

| কবিদের নাম | আলোচ্য বিষয় |
|---|---|
| মানিক দত্ত | চণ্ডীমঙ্গল ধারার আদি কবি। |
| মুকুন্দরাম চক্রবর্তী | চণ্ডীমঙ্গল ধারার শ্রেষ্ঠ কবি। দুঃখ বর্ণনার কবি বলা হয়। জমিদার রঘুনাথ রায় তাঁকে 'কবি কঙ্কন' উপাধি দেন। তাঁর রচিত কাব্যের নাম 'শ্রী শ্রী চণ্ডীমঙ্গল'। |
| দ্বিজ মাধব | স্বভাব কবি হিসেবে পরিচিত দ্বিজ মাধবের কাব্যের নাম 'সারদামঙ্গল/ সারদাচরিত'। |
| অকিঞ্চন চক্রবর্তী | চণ্ডীমঙ্গল কাব্য ধারার সর্বশেষ কবি। তাঁর উপাধি ছিল কবীন্দ্র। |
| ভবানীশঙ্কর দাস | জাগরণের পুঁথি ও চণ্ডীমঙ্গল গীত নামে ২টি কাব্য রচনা করেন। |

## কালিকামঙ্গলঃ

- দেবী কালীর মাহাত্ম্য বর্ণনামূলক কাব্য।
- কালিকামঙ্গল কাব্যের অপর নাম- বিদ্যাসুন্দর কাব্য।
- কালিকামঙ্গলের আদি কবি – কবি কঙ্ক।
- রামপ্রসাদ সেন কালিকামঙ্গলের একজন বিশিষ্ট কবি। নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্র তাঁকে কবিরঞ্জন উপাধি প্রদান করেন।
- গোবিন্দ দাস রচিত কাব্যের নাম 'কালিকামঙ্গল'।

# মঙ্গলকাব্য

## অন্নদামঙ্গলঃ

- অন্নদা হলো দেবী চণ্ডীর আরেক নাম।
- অন্নদামঙ্গল কাব্য বিভক্ত – ৩ খণ্ডে: ১. শিবনারায়ণ অন্নদামঙ্গল ২. কালিকামঙ্গল ৩. মানসিংহ-ভবানন্দ উপাখ্যান ।
- ‘আমার সন্তান যেন থাকে দুধে ভাতে’- প্রার্থনাটি ঈশ্বরী পাটনীর।

## অন্নদামঙ্গল কাব্যের বিখ্যাত উক্তিঃ

- নগর পুড়িলে দেবালয় কি এড়ায় ?
- মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।
- বড়র পিরীতি বালির বাঁধ
  ক্ষণেকে হাতে দড়ি ক্ষণেকে চাঁদ।
- কড়িতে বাঘের দুধ মেলে।
- জন্মভূমি জননী স্বর্গের গরীয়সী।

# মঙ্গলকাব্য

## ভারতচন্দ্র রায়গুণাকর

- ভারতচন্দ্র রায়গুণাকর মঙ্গলকাব্যের সর্বশেষ কবি।
- তিনি মধ্যযুগের শ্রেষ্ঠ কবি।
- বাংলা সাহিত্যের প্রথম 'নাগরিক কবি'।
- তিনি ছিলেন নবদ্বীপ বা নদীয়ার মহারাজ কৃষ্ণচন্দ্রের সভাকবি।
- রাজা কৃষ্ণচন্দ্র রায় তাঁকে 'গুণাকর' উপাধিতে ভূষিত করেন।
- ভারতচন্দ্র ১৭৬০ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন।
- তাঁর মৃত্যুর সাথে সাথেই বাংলা সাহিত্যে মধ্যযুগের অবসান হয়।
- অন্যান্য সাহিত্যকর্ম– 'সত্য নারায়ণ পাঁচালী (কাব্য)', ['নাগাষ্টক' ও 'গঙ্গাষ্টক'(নাটক)], 'রসমঞ্জুরী', 'মানসিংহ ভবানন্দ উপাখ্যান' এবং 'চণ্ডীনাটক'।

# মঙ্গলকাব্য

## উল্লেখযোগ্য মঙ্গলকাব্য রচয়িতা ও প্রধান চরিত্র

| কাব্য | কবিগণ | প্রধান চরিত্র |
|---|---|---|
| মনসামঙ্গল | কানাহরি দত্ত, নারায়ণ দেব, বিজয়গুপ্ত, বিপ্রদাস পিপিলাই, দ্বিজ বংশীদাস, কেতকাদাস ক্ষেমানন্দ | চাঁদ সওদাগর, বেহুলা, লখিন্দর, মনসা |
| চণ্ডীমঙ্গল | মানিকদত্ত , দ্বিজ মাধব (স্বভাব কবি), মুকুন্দরাম চক্রবর্তী, মুক্তরাম সেন | ফুল্লরা, কালকেতু, ধনপতি, ভাঁড়ুদত্ত, মুরারী শীল |
| অন্নদামঙ্গল | ভারতচন্দ্র রায়গুণাকর | ঈশ্বরী পাটনী , হীরামালিনী, মানসিংহ, ভবানন্দ |
| ধর্মমঙ্গল | ময়ূরভট্ট , আদি রূপরাম, খেলারাম চক্রবর্তী, শ্যাম পণ্ডিত, ঘনরাম চক্রবর্তী , নরসিংহ বসু | লাউসেন , হরিশ্চন্দ্র |

# POLL QUESTION-01

✪ চণ্ডীমঙ্গল কাব্যে কোন চরিত্রটি পাওয়া যায়?

(a) বড়ায়ি

(b) ঈশ্বরী

(c) বেহুলা

(d) ফুল্লরা

# জীবনী সাহিত্য

- বাংলা সাহিত্যে একটি পঙ্‌ক্তি না লিখেও যার নামে একটি যুগের সৃষ্টি হয়েছে – শ্রী চৈতন্যদেব।
- শ্রী চৈতন্যদেবের ডাক নাম – নিমাই
- চৈতন্যযুগ বলা হয় – ১৫০১-১৭০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কে।
- বাংলা ভাষায় প্রথম জীবনী সাহিত্য – চৈতন্য জীবনী সাহিত্য।
- শ্রী চৈতন্যদেবের জীবনী গ্রন্থকে বলা হয় – কড়চা
- শ্রী চৈতন্যদেবের প্রথম জীবনী কাব্য – বৃন্দাবন দাস রচিত 'শ্রী চৈতন্যভাগবত'।
- বাংলায় চৈতন্যদেবের দ্বিতীয় জীবনী গ্রন্থ – লোচন দাসের 'চৈতন্য মঙ্গল'
- সর্বাপেক্ষা তথ্যবহুল জীবনী – কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত'।
- **মুরারি গুপ্ত:** তিনি জীবনী সাহিত্যের আদি কবি। তিনি ছিলেন শ্রীচৈতন্যের **সহপাঠী**। চৈতন্যদেব তাঁর নাম দেন – **কবিকর্ণপুর**।
- বৃন্দাবন দাস – বাংলা ভাষায় জীবনী সাহিত্যের আদিকারি।
- কৃষ্ণদাস কবিরাজ – তিনি জীবনী সাহিত্যের শ্রেষ্ঠ কবি।

# জীবনী সাহিত্য

## চৈতন্যদেবের উল্লেখযোগ্য জীবনী গ্রন্থ

| রচয়িতা | গ্রন্থের নাম |
|---|---|
| বৃন্দাবন দাস | শ্রী চৈতন্যভাগবত |
| লোচন দাস | চৈতন্যমঙ্গল |
| কৃষ্ণদাস কবিরাজ | শ্রীচৈতন্যচরিতামৃত (শ্রেষ্ঠ গ্রন্থ) |
| মুরারিগুপ্ত | শ্রীশ্রীকৃষ্ণ চৈতন্যচরিতামৃতম |

# মর্সিয়া সাহিত্য

- মর্সিয়া শব্দটি আরবি, এ শব্দের অর্থ – শোক প্রকাশ করা।
- মর্সিয়া এক ধরনের শোককাব্য বা শোকগীতি বা বিলাপ সঙ্গীত।
- কারবালার প্রান্তরে শহিদ ইমাম হোসেন ও অন্যান্য শহিদকে উপজীব্য করে লেখা কবিতা 'মর্সিয়া' নামে পরিচিত।

| গ্রন্থাবলি | গ্রন্থকার |
|---|---|
| জয়নবের চৌতিশা | এটি মর্সিয়া সাহিত্যের প্রথম কাব্য। এ কাব্যের কবি শেখ ফয়জুল্লাহ মর্সিয়া সাহিত্যের আদি কবি। |
| জঙ্গনামা, আমির হামজা | রচয়িতা - ফকির গরীবুল্লাহ |
| জঙ্গনামা | দৌলত উজির বাহরাম খান রচিত মর্সিয়া কাব্যটি তাঁর রচিত প্রথম কাব্য। |
| মক্তুল হোসেন | মুহম্মদ খান রচিত এ কাব্যটি মর্সিয়া সাহিত্যের শ্রেষ্ঠকাব্য। এ কবি চট্টগ্রামের অধিবাসী। |
| হানিফার লড়াই | রচয়িতা - আবদুল আলিম |
| ইমামগণের কেচ্ছা এবং আফৎনামা | রচয়িতা - রাধারমন গোপ (তিনি মর্সিয়া সাহিত্যের হিন্দু কবি।) |

# POLL QUESTION-02

✪ চৈতন্যমঙ্গল কাব্যের রচয়িতা কে?

(a) বৃন্দাবন দাস

(b) মুরারি গুপ্ত

(c) কৃষ্ণদাস কবিরাজ

(d) লোচন দাস

# নাথ সাহিত্য

- প্রাচীন কাল থেকে এদেশে শিব উপাসক এক শ্রেণির যোগী সম্প্রদায় ছিল, তাদের ধর্মের নাম – নাথ ধর্ম।
- মুসলমান হয়েও নাথ সাহিত্য রচনা করেন – শেখ ফয়জুল্লাহ।
- নাথ সাহিত্যের উল্লেখযোগ্য রচনা – গোরক্ষবিজয়।
- গোরক্ষবিজয়ের রচয়িতা - শেখ ফয়জুল্লাহ।
- যে দুটি ধর্মের মিশ্রণে নাথ ধর্মের উৎপত্তি – বৌদ্ধধর্ম ও শৈবধর্ম ।
- নাথ ধর্মের প্রতিষ্ঠাতা ছিলেন মীননাথ। তাঁর আরেক নাম ছিল মৎসেন্দ্রনাথ। গোরক্ষনাথ ছিলেন এই মীননাথের শিষ্য। নাথ সাহিত্যের প্রধান শাখা ২টি। যথা –

  ক) গোপীচন্দ্রের সন্ন্যাস: ‘গোরক্ষবিজয়’ ও ‘মীনচেতন’ ইত্যাদি।

  খ) ময়নামতি: ‘মাণিক রাজার গান’, ‘গোবিন্দচন্দ্রের গীত’, ‘ময়নামতীর গান’, ‘গোবিন্দচন্দ্রের গান’, ‘গোপীচন্দ্রের সন্ন্যাস’ ও ‘গোপীচাঁদের পাঁচালী’ ইত্যাদি।

# অনুবাদ সাহিত্য


- অনুবাদ সাহিত্যে **হিন্দু লেখকদের** অনুবাদকৃত সাহিত্যের নাম **'সাহিত্যের কথা'**।
- মুসলমান সাহিত্যিকদের অনুবাদকৃত সাহিত্যের নাম **'রোমান্টিক প্রণয়োপাখ্যান'**।
- এ যুগের কবিগণ নিজের ভাষায় ভাবানুবাদ করতেন – **পয়ার ছন্দে**।
- পৃথিবীতে জাত মহাকাব্য ৪ টি। যথা –


i. রামায়ণ

ii. মহাভারত

iii. ইলিয়াড

iv. ওডেসি




Queen
Helen
Sparta
Greece
Vs
Troy
Turky
Invite
Hector
Paris
H + P

# অনুবাদ সাহিত্য

## মহাভারতঃ

- মহাভারতের রচয়িতা – বেদব্যাস।
- মহাভারত সংস্কৃত ভাষায় রচিত। এর খণ্ড – ১৮ টি।
- মহাভারতের শ্লোক সংখ্যা – ৮৫০০০।
- চরিত্র- অভিমন্যু, অর্জুন, কর্ণ, দ্রৌপদী, কুন্তী, গান্ধারী, ভীম, দুর্যোধন, যুধিষ্ঠির, নকুল, সহদেব, দুঃশাসন।
- মহাভারতের প্রথম বাংলা অনুবাদক – কবীন্দ্র পরমেশ্বর।
- কবীন্দ্র পরমেশ্বর অনূদিত গ্রন্থের নাম – পরাগলী মহাভারত।
- শ্রীকর নন্দী অনূদিত গ্রন্থের নাম – 'ছুটিখানী মহাভারত'।
- মহাভারতের শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কবি – কাশীরাম দাস।

## ভাগবতঃ

- ভাগবত এর রচয়িতা – বেদব্যাস/ব্যাসদেব।
- ভাগবত বাংলায় প্রথম অনুবাদ করেন – মালাধর বসু।
- মালাধর বসু অনূদিত ভাগবতের নাম – শ্রীকৃষ্ণবিজয়।
- মালাধর বসুর উপাধি – গুণরাজ খান। (রুকুনুদ্দিন বারবক শাহ তাঁকে এই উপাধি দেন)।

# অনুবাদ সাহিত্য

## রামায়ণঃ

- এটি বিষ্ণুর অবতার রামের জীবনকাহিনি।
- রামায়ণ রচনা করেন – বাল্মীকি
- বাল্মীকির মূল নাম – দস্যু রত্নাকর।
- বাল্মীকি অর্থ – উইপোকার ঢিবি।
- চরিত্র- রাম, লক্ষ্মণ, সীতা, রাবণ।
- রামায়ণের প্রথম ও শ্রেষ্ঠ বাংলা অনুবাদক – কৃত্তিবাস ওঝা। (তিনি অনুবাদ সাহিত্যের প্রথম কবি)।
- তাঁর অনূদিত রামায়ণ – শ্রীরাম পাঁচালী।
- রামায়ণ ৭টি খণ্ড, ৫০০টি সর্গে বিভক্ত ও ২৪০০০ শ্লোকের সমষ্টি।

## চন্দ্রাবতীঃ

- রামায়ণের প্রথম মহিলা বাংলা অনুবাদক – চন্দ্রাবতী
- চন্দ্রাবতী বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি।
- তিনি কিশোরগঞ্জ অঞ্চলের মানুষ।
- তাঁর পিতার নাম – দ্বিজ বংশীদাস।
- তাঁর অন্যান্য গ্রন্থ – মলুয়া, দস্যু কেনারামের পালা।

# রোমান্টিক প্রণয়োপাখ্যান

- এ ধারার প্রথম কবি ছিলেন শাহ মুহম্মদ সগীর। তিনি বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি।
- তিনি গৌড়েশ্বর সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে কাব্য রচনা করেন।
- এ ধারার শ্রেষ্ঠ কবি ও মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলমান কবি – সৈয়দ আলাওল।

## আরাকান রাজসভায় বাংলা সাহিত্য

- মধ্যযুগে বাংলার বাহিরে আরাকানে (বর্তমান মিয়ানমার) বাংলা সাহিত্যের চর্চা হয়েছিল। এ রাজসভা 'রোসাঙ্গ' বা 'রোসাং' নামে পরিচিত।
- আরাকান রাজসভার প্রধান কবি কোরেশী মাগন ঠাকুর।

# মুসলিম সাহিত্য ও রোমান্টিক প্রণয়োপাখ্যান

## উল্লেখযোগ্য গুরুত্বপূর্ণ গ্রন্থ

| কাব্যের নাম | অনুবাদক কবি | মূল ভাষা | মূলগ্রন্থ/উৎস ও কবি |
|---|---|---|---|
| ইউসুফ-জুলেখা *** | শাহ মুহম্মদ সগীর, আব্দুল হাকিম, ফকির গরীবুল্লাহ | ফারসি | ইউসুফ ওয়া জুলয়খা (কবি- জামী ) |
| সতীময়না ও লোরচন্দ্রানী ** | দৌলত কাজী (১ম, ২য় খণ্ড), আলাওল (শেষ খণ্ড) | হিন্দি | মৈনাসত, চন্দ্রায়ন |
| লাইলী-মজনু *** | দৌলত উজির বাহরাম খান | ফারসি | লায়লা ওয়া মজনুন, কবি-নিজামী |
| মধুমালতী | মুহম্মদ কবীর, সৈয়দ হামজা, শাকের মুহম্মদ | হিন্দি | মধুমালত, কবি – মনঝন |
| সয়ফুলমুলুক বদিউজ্জামাল ** | দোনাগাজী চৌধুরী, আলাওল | ফারসি | আলেফ লায়লা ওয়া লায়লা |
| পদ্মাবতী *** | আলাওল | হিন্দি | পদুমাবৎ<br>কবি- মালিক মুহম্মদ জায়সী |
| তোহফা ** | আলাওল | ফারসি | তোহফাতুন নেসায়েহ<br>কবি- ইউসুফ গদা |
| সপ্তপয়কর ** | আলাওল | ফারসি | হপ্তপয়কর (নিজামী) |
| সিকান্দরনামা ** | আলাওল | ফারসি | সেকেন্দার নামা (নিজামী গঞ্জভী) |

# মুসলিম সাহিত্য ও রোমান্টিক প্রণয়োপাখ্যান

| কাব্যের নাম | অনুবাদক কবি | মূল ভাষা | মূলগ্রন্থ/উৎস ও কবি |
|---|---|---|---|
| চন্দ্রাবতী ** | কোরেশী মাগন ঠাকুর | | অজ্ঞাত |
| নূরনামা * | আব্দুল হাকিম, আব্দুল করিম | ফারসি | অজ্ঞাত |
| নসিহৎনামা | আব্দুল হাকিম | ফারসি | অজ্ঞাত |
| সিহাবুদ্দীননামা | আব্দুল হাকিম | ফারসি | অজ্ঞাত |
| লালমতি সয়ফুলমুলুক ** | আব্দুল হাকিম | - | - |
| হানিফা কয়রাপরী | সাবিরিদ খান | ফারসি | অজ্ঞাত |
| গুলে বকাওলী ** | নওয়াজিস খান, মুহাম্মদ মুকীম | ফারসি | তাজমূলক গুল-ই-বকাওলী |
| মৃগাবতী | মুহাম্মদ মুকীম | - | - |
| গদা মল্লিক | শেখ সাদী | - | - |
| শাহনামা | মোহাম্মদ মোজাম্মেল হক | ফারসি | শাহনামা , কবি- ফেরদৌসি |
| নসীরনামা | মরদন | - | - |

# মুসলিম সাহিত্য ও রোমান্টিক প্রণয়োপাখ্যান

| কাব্যের নাম | অনুবাদক কবি | মূল ভাষা | মূলগ্রন্থ/উৎস ও কবি |
|---|---|---|---|
| দুল্লা মজলিস, হাজার মসাইল, নূরনামা | আব্দুল করীম খন্দকার | - | - |
| রিজওয়ান শাহ | শমসের আলী | - | - |
| নবীবংশ *** | সৈয়দ সুলতান | আরবি | কিসাসুল আম্বিয়া |
| বিদ্যাসুন্দর * | সাবিরিদ খান, দ্বিজ শ্রীধর | - | - |
| রসুল বিজয় ** | সৈয়দ সুলতান | - | - |
| হাতেম তাই ** | সাদতুল্লাহ, সৈয়দ হামজা | ফারসি | আলেফ লায়লা ওয়া লায়লা |
| আমীর হামজা | সৈয়দ হামজা, আব্দুল নবী | - | - |

# মধ্য যুগের বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষক

## উল্লেখযোগ্য পৃষ্ঠপোষক

| কবি | কাব্য | পৃষ্ঠপোষক |
|---|---|---|
| কৃত্তিবাস | রামায়ণ | জালালউদ্দিন মুহম্মদ শাহ |
| শাহ মুহম্মদ সগীর | ইউসুফ জোলেখা | গিয়াসউদ্দিন আজম শাহ |
| মালাধর বসু | শ্রীকৃষ্ণবিজয় | রুকনউদ্দিন বারবক শাহ |
| আলাওল | পদ্মাবতী | কোরেশী মাগন ঠাকুর |
| বিজয় গুপ্ত | পদ্মাপুরাণ | আলাউদ্দীন হোসেন শাহ |
| বিপ্রদাস পিপিলাই | মনসা বিজয় | |
| যশোরাজ খান | বৈষ্ণব পদাবলি | |
| জৈনুদ্দিন | রসূল বিজয় | শামসুদ্দিন ইউসুফ শাহ |
| আফজাল আলি | বৈষ্ণব পদ | আলাউদ্দিন ফিরোজ শাহ |
| শ্রীধর দাস | বিদ্যাসুন্দর | |

# POLL QUESTION-03

✪ বাংলায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে?

(a) শ্রীকর নন্দী

(b) সন্ধাকর নন্দী

(c) কাশীরাম দাস

(d) মালাধর বসু

# মধ্যযুগের গুরুত্বপূর্ণ সাহিত্যিক

## দৌলত কাজী (আনুমানিক ১৬০০-১৬৩৮):

- তিনি সপ্তদশ শতাব্দীতে চট্টগ্রামের রাউজানের সুলতানপুরের কাজীপাড়ায় জন্মগ্রহণ করেন।
- তিনি আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি এবং লৌকিক কাহিনির প্রথম রচয়িতা।
- সতীময়না ও লোরচন্দ্রানী কাব্যটির দুই-তৃতীয়াংশ রচনার পর কবির মৃত্যু (১৬৩৮) হলে আলাওল বাকি অংশ সমাপ্ত করেন (১৬৫৯)।

# আরাকান রাজসভা ও বাংলা সাহিত্য

## আলাওল (আনুমানিক ১৬০৭-১৬৮০):

- ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে তাঁর জন্ম ফরিদপুরের ফতেহাবাদ এবং এনামুল হকের মতে চট্টগ্রামের হাটহাজারীর জোবরা গ্রামে।
- তিনি মধ্যযুগের রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার শ্রেষ্ঠ কবি এবং তাঁকে শ্রেষ্ঠ মুসলমান কবিও বলা হয়।
- আরাকান রাজসভায় প্রধান কোরেশী মাগন ঠাকুরের পৃষ্ঠপোষকতায় আলাওল কাব্য রচনা করেন।
- আলাওল মধ্যযুগের সর্বাধিক গ্রন্থপ্রণেতা। তাঁর রচিত গ্রন্থসমূহের মধ্যে আখ্যানকাব্য হচ্ছে – পদ্মাবতী, সতীময়না ও লোরচন্দ্রানী, সপ্তপয়কর, সয়ফুলমুলুক বদিউজ্জামাল ও সিকান্দরনামা; নীতিকাব্য - তোহফা এবং সঙ্গীতবিষয়ক কাব্য – রাগতালনামা।
- এ ছাড়াও বৈষ্ণবপদের অনুরূপ তাঁর কিছু গীতিকবিতা আছে।
- রাগতালনামা ও গীতিকবিতাগুলো তাঁর মৌলিক রচনা, অন্যগুলো অনুবাদমূলক।

# শাহ মুহম্মদ সগীর

- শাহ মুহম্মদ সগীর জন্ম আনুমানিক ১৪শ-এর শেষ থেকে ১৫ শতাব্দী।
- মধ্যযুগে মুসলমান কবিদের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন কবি।
- তাঁর রচিত কাব্যটির নাম 'ইউসুফ জোলেখা'।

# দৌলত উজির বাহরাম খান

- দৌলত উজির বাহরাম খান এর জন্ম ফতেহাবাদ, চট্টগ্রাম। তাঁর পিতা চট্টলাধিপতির উজির মোবারক খান।
- তাঁর প্রকৃত নাম আসাউদ্দীন।
- তাঁর উপাধি দৌলত উজির।
- তাঁর রচিত প্রথম কাব্যের নাম 'লায়লী-মজনু' (১৫৪৩ – ১৫৫৩)।

# POLL QUESTION-04

✪ **আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি-**

(a) কোরেশী মাগন ঠাকুর

(b) দৌলত কাজী

(c) আলাওল

(d) মরদন

# মুকুন্দরাম চক্রবর্তী

- মুকুন্দরাম চক্রবর্তীর জীবনকাল আনুমানিক (১৫৪০ – ১৬০৪)।
- তিনি জন্মগ্রহণ করেন দামুন্যা গ্রাম, বর্ধমান।
- মেদিনীপুরের রাজা রঘুনাথ রায়ের অনুরোধে তিনি চণ্ডীমঙ্গল কাব্য রচনা করেন।
- তাঁকে দুঃখবর্ণনার কবি বলে আখ্যায়িত করা হয়।
- কবি তাঁর রচনার স্বীকৃতি স্বরূপ কবিকঙ্কণ উপাধি লাভ করেন। রাজা রঘুনাথ রায় এই উপাধি প্রদান করেন।

# চন্দ্রাবতী

- চন্দ্রাবতী ছিলেন মধ্যযুগের তিনজন প্রধান নারী কবির একজন। অপর দুইজন চণ্ডীদাসের অনুরাগী রামী ও চৈতন্যের কৃপাপাত্রী মাধবী।
- তিনি জন্মগ্রহণ করেন ময়মনসিংহের কিশোরগঞ্জের পাতোয়ারি গ্রামে।
- চন্দ্রাবতীর পিতা মনসামঙ্গলের কবি দ্বিজ বংশীদাস।
- চন্দ্রাবতী রচিত কাব্যগুলোর নাম মলুয়া, দস্যু কেনারামের পালা, রামায়ণ ইত্যাদি।

# কোরেশী মাগন ঠাকুর

- কোরেশী মাগন ঠাকুরও মধ্যযুগের একজন মৌলিক কবি।
- মৌলিক রচনার সঙ্কটকালে কোরেশী মাগন ঠাকুরের চন্দ্রাবতী কাব্য একটি বিরল উদাহরণ।

# দৌলত কাজী

- দৌলত কাজী আরাকানে বাংলা সাহিত্য চর্চা করেন। এমনকি তিনি আরাকানে রাজসভার কাজীর পদেও নিযুক্ত ছিলেন।
- বাস্তববাদী এ কবি মধ্যযুগকে পেছনে ফেলে সমকালীন আধুনিকতা বিনির্মাণের জন্য সাহিত্যের গতানুগতিক পথ মাড়িয়ে বাস্তবতার নিরিখে মানবীয় প্রেমকে উপজীব্য করে "সতীময়না" ও "লোরচন্দ্রানী" কাব্য রচনা করেন।

# আব্দুল হাকিম

- তিনি তাঁর রচিত বঙ্গবাণী কবিতার জন্য অধিক পরিচিত।
- বাঙালি হিসেবে তাঁর গর্ববোধ ছিল। সে সময় একশ্রেণির লোকের বাংলা ভাষার প্রতি অবজ্ঞার জবাবে তিনি তাঁর নূরনামা কাব্য লিখেছিলেন :

যে সব বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী।
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।।

**গ্রন্থ**

- ইউসুফ-জুলেখা
- নূরনামা
- চারি মোকাম ভেদ
- লালমতি
- সয়ফুলমুলক
- নসিহৎনামা
- কারবালা ও শহরনামা
- শাহাবুদ্দিননামা

# POLL QUESTION-05

✪ 'গুলে বকাওলী' গ্রন্থের রচয়িতা কে?

(a) মুহাম্মদ মুকীম

(b) শা'বারিদ খান

(c) ফকীর গরীবুল্লাহ্

(d) দৌলত উজির বাহরাম খান

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ নিচের কোন জন যুদ্ধকাব্যের রচয়িতা নন? [৪৫তম বিসিএস]
(ক) দৌলত উজির বাহরাম খাঁ (খ) সাবিরিদ খাঁ
(গ) সৈয়দ সুলতান (ঘ) সৈয়দ নূরুদ্দীন

➲ কোনটি কবি জৈনুদ্দিনের কাব্যগ্রন্থ? [৪৫তম বিসিএস]
(ক) রসুল বিজয় (খ) মক্কা বিজয় (গ) রসুলচরিত (ঘ) মক্কানামা

➲ 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী? [৪৪তম বিসিএস]
(ক) জগন্নাথ (খ) বিষ্ণু (গ) প্রজাপতি (ঘ) শিব্

➲ 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল? [৪৪তম বিসিএস]
(ক) নেপালের রাজদরবার থেকে (খ) গোয়ালঘর থেকে
(গ) পাঠশালা থেকে (ঘ) কান্তজীর মন্দির থেকে

➲ বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন? [৪৪তম বিসিএস]
(ক) মারাঠি (খ) হিন্দি (গ) মৈথিলি (ঘ) গুজরাটি

➲ 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।' -এই মনোবাঞ্ছাটি কার? [৪৪তম বিসিএস]
(ক) ভবানন্দের (খ) ভাঁড়ুদত্তের (গ) ঈশ্বরী পাটনীর (ঘ) ফুল্লরার

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ দৌলত উজির বাহরাম খান সাহিত্যসৃষ্টিতে কার পৃষ্ঠপোষকতা লাভ করেন? [৪৩তম বিসিএস]

(ক) সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ (খ) কোরেশী মাগন ঠাকুর

(গ) সুলতান বরবক শাহ (ঘ) জমিদার নিজাম শাহ

➲ মহাকবি আলাওল রচিত কাব্য- [৪২তম বিসিএস]

(ক) চন্দ্রাবতী (খ) পদ্মাবতী (গ) মধুমালতী (ঘ) লাইলী মজনু

➲ পাঁচালিকার হিসেবে সর্বাধিক খ্যাতি কার ছিল? [৪১তম বিসিএস]

(ক) দাশরথি রায় (খ) রামনিধি গুপ্ত (গ) ফকির গরীবুল্লাহ (ঘ) রামরাম বসু

➲ চারণকবি হিসেবে বিখ্যাত কে? [৪১তম বিসিএস]

(ক) আলাওল (খ) চন্দ্রাবতী (গ) মুকুন্দদাস (ঘ) মুক্তারাম চক্রবর্তী

➲ জীবনীকাব্য রচনার জন্য বিখ্যাত: [৪০তম বিসিএস]

(ক) ফকির গরীবুল্লাহ (খ) নরহরি চক্রবর্তী (গ) বিপ্রদাস পিপিলাই (ঘ) বৃন্দাবন দাস

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ দৌলত উজির বাহরাম খান কোন অঞ্চলের অধিবাসী ছিলেন? [৩৮তম বিসিএস]

(ক) ফরিদপুর (খ) সিলেট (গ) কৃষ্ণনগর (ঘ) চট্টগ্রাম

➲ 'চন্দ্রাবতী' কী? [৩৮তম বিসিএস]

(ক) নাটক (খ) কাব্য (গ) পদাবলি (ঘ) পালাগান

➲ 'তোহফা' কাব্যটি কে রচনা করেন? [৩৬তম বিসিএস]

(ক) দৌলত কাজী (খ) মাগন ঠাকুর (গ) সাবারিদ খান (ঘ) আলাওল

➲ মধ্যযুগের শেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকর কত সালে মৃত্যুবরণ করেন? [৩৬তম বিসিএস]

(ক) ১৭৫৬ (খ) ১৭৫২ (গ) ১৭৬০ (ঘ) ১৭৬২

➲ "তাম্বুল রাতুল হইল অধর পরশে" –অর্থ কী? [৩৫তম বিসিএস]

(ক) ঠোঁটের পরশে পান লাল হল (খ) পানের পরশে ঠোঁট লাল হল

(গ) অস্তাচলগামী সূর্যের আভায় মুখ রক্তিম দেখা গেল (ঘ) অস্তাচলগামী সূর্য ও মুখ একই রকম লাল হয়ে গেল

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/c/Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)

একটি উদ্ভাস-উন্মেষ প্রতিষ্ঠান

09666775566
www.uttoron.academy